



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

## কাপাসগোলা স্কুল এন্ড কলেজে কালেকশন বুথ উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রাম- ২৩ সেপ্টেম্বর ২০১৮

কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও মহিলা কলেজ প্রাঙ্গণে প্রিমিয়ার ব্যাংক কর্তৃক টিউশন ফি কালেকশন বুথ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। তিনি আজ রবিবার দুপুরে ফিতা কেটে এই কালেকশন বুথের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল জব্বার চৌধুরী, কাপাসগোলা সিটি কর্পোরেশন মহিলা কলেজের অধ্যক্ষ মনোয়ার জাহান চৌধুরী, কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলাউদ্দিনসহ স্কুল ও কলেজ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং প্রিমিয়ার ব্যাংক চট্টগ্রাম জোনাল ইনচার্জ মো. জাকারিয়া, প্রিমিয়ার ব্যাংকের বিভিন্ন ব্রাঞ্চ ম্যানেজার ও রিটেইল বিজনেসের কর্মকর্তাবৃন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন- 'শিক্ষাব্যবস্থাকে ডিজিটাইজড করতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার কাজ করে যাচ্ছে। সে ধারাবাহিকতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রিমিয়ার ব্যাংকের সহায়তায় নগরীর চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ব্যাংকিং সেবার আওতায় আনার লক্ষ্যে সিটি কর্পোরেশনের এই উদ্যোগ। এ ব্যাংকিং সেবার মাধ্যমে শিক্ষার্থীরা লাইন ধরে টাকা জমা দেয়ার ভোগান্তি এবং ক্লাস চলাকালীন ফি সংগ্রহের ঝঞ্ঝা-ঝামেলা হতে মুক্তি পাবে। তাই যেকোন প্রিমিয়ার ব্যাংকে বিনামূল্যে একাউন্ট খোলার মাধ্যমে দেশের সকল শাখা হতে অনলাইনে টিউশন ফি জমা দিতে পারবে। মেয়র আরো বলেন, শতভাগ অভিভাবক একাউন্ট খোলা সম্পন্ন হলে শিক্ষার্থীরা পূর্ণাঙ্গ ডিজিটাল সুবিধা পাবে।

বিশেষ অতিথির বক্তব্যে প্রিমিয়ার ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আবদুল জব্বার চৌধুরী বলেন- 'শিক্ষার্থীদের ডিজিটাল মাধ্যমে অভ্যস্ত ও বিনামূল্যে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসতেই আমরা সিটি কর্পোরেশনের সাথে চুক্তিবদ্ধ হই। আমরা পর্যায়ক্রমে নগরীর ৮২ টি শিক্ষা প্রতিষ্ঠানে এরকম কালেকশন বুথ স্থাপন করবো, যাতে শিক্ষার্থীরা খুব সহজেই তাদের টিউশন ফি জমা দিতে পারে। মেয়র আ জ ম নাছির উদ্দীন সভাস্থলে উপস্থিত হলে ফুলের তোড়া দিয়ে বরণ এবং লাল-গালিছা সংবর্ধনা দেন কলেজ ও ব্যাংক কর্তৃপক্ষ। একই সাথে রোভার স্কাউট ও গার্লস গাইডের সদস্যরা কুচকাওয়াজের মাধ্যমে তাঁকে অভিবাদন জানান।

উল্লেখ্য প্রিমিয়ার ব্যাংক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মধ্যকার যৌথ চুক্তির আলোকে নগরীর চসিক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি সংগ্রহ করছে প্রিমিয়ার ব্যাংক। এ লক্ষ্যে ক্রমান্বয়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে কালেকশন বুথ, ফাস্ট ট্র্যাকসহ মাল্টিমিডিয়া ক্লাস রুম প্রদান করবে প্রিমিয়ার ব্যাংক। তাছাড়া শিক্ষার্থীদের অভিভাবকদের ব্যাংক একাউন্ট খোলার বিপরীতে ৩ লক্ষ পর্যন্ত বীমা সুবিধা, চার্জমুক্ত একাউন্ট, শিক্ষাবৃত্তিসহ পড়ালেখার দায়িত্ব নিচ্ছে প্রিমিয়ার ব্যাংক।

## সিটি মেয়রের সাথে বিদায়ী থাই রাষ্ট্রদূতের বৈঠক

চট্টগ্রাম- ২৩ সেপ্টেম্বর ২০১৮

বাংলাদেশস্থ থাইল্যান্ডের বিদায়ী রাষ্ট্রদূত Ms. Panpimon Suwannapongse আজ রবিবার সকালে নগর ভবনে সিটি মেয়রের কার্যালয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে সৌজন্য সাক্ষাত করেন। বৈঠকে সিটি মেয়র বিন্না ঘাসের প্রচার ও প্রসারের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহিত পরিকল্পনাদি রাষ্ট্রদূতকে অবহিত করেন। তিনি বলেন পাহাড় ধ্বস, ক্ষয়রোধ, জলাবদ্ধতা রোধকল্পে বিন্না ঘাসের যথেষ্ট ভূমিকা রয়েছে। এ বিন্না ঘাস প্ল্যানটেশন এবং কাল্টিভেশনের মাধ্যমে অতি অল্প খরচে পাহাড় ধ্বস, ক্ষয়রোধ, জলাবদ্ধতা রোধ করা যায়। সে নিরিখে থাইল্যান্ডের রাজকন্যা এবং সাইপাতানা ফাউন্ডেশন এগিয়ে আসার জন্য মেয়র থাইল্যান্ড সরকার সহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। এ প্রসঙ্গে তিনি সাইপাতানা ফাউন্ডেশন এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন যৌথ উদ্যোগে টাইগারপাস এলাকায় বিন্না ঘাস প্রকল্পের কার্যালয়, বিন্না ঘাস প্ল্যানটেশন ও গবেষণা কাজের কথাও বৈঠকে উল্লেখ করেন। মেয়র বলেন চট্টগ্রাম হচ্ছে পাহাড়, পর্বত ও সমতল এলাকা। অবিরাম বৃষ্টিপাতে পাহাড় ধ্বস একটি নিত্য নৈমিত্তিক ঘটনা। নগরীর এ সমস্ত পাহাড়ে বিন্না ঘাসের প্ল্যানটেশন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। মেয়র বিদায়ী রাষ্ট্রদূতের ঢাকায় কর্মকালীন সময়ে তার কাজের ভূয়সী প্রশংসা করেন এবং আগামীতে বাংলাদেশ- থাই সম্পর্ক আরো বৃদ্ধির প্রত্যাশা করেন।

রাষ্ট্রদূত Ms. Panpimon Suwannapongse মেয়রের এ উদ্যোগের প্রশংসা করেন এবং বাংলাদেশ থেকে চলে যাওয়ার পর তিনি তার বাড়ী এলাকায় এ বিন্না ঘাসের চারা রোপন করবেন বলে মেয়রকে জানান। তিনি বলেন থাইল্যান্ড ও বাংলাদেশের মধ্যে দ্বি-পাক্ষিক সম্পর্ক অত্যন্ত চমৎকার। রাষ্ট্রদূত বলেন উভয় দেশের সরকার নৌপথ সংযোগ স্থাপনসহ বিভিন্ন ক্ষেত্রে অধিকতর সম্পর্ক উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করছে। এর ফলে উভয় দেশ দক্ষিণ এশিয়ার অর্থনৈতিক করিডোরের সাথে যুক্ত হবে বলে তিনি উল্লেখ করেন। এর পূর্বে থাইল্যান্ড রাষ্ট্রদূত টাইগারপাসস্থ বিন্না ঘাস প্রদর্শনী কেন্দ্র ও ট্রেনিং সেন্টার পরিদর্শন করেন।

সাক্ষাতকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, নির্বাহী প্রকৌশলী সুদীপ বসাক, বিপ্লব দাশ এবং থাইল্যান্ডের অনারারি কনস্যুল আমির হুমায়ুন মাহমুদ চৌধুরী, পিএইচপি ফ্যামিলি ভাইস চেয়ারম্যান মোহাম্মদ মহসিন উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন